

সারাদেশ

নিখোঁজের দুই দিন পর গাছের মগডালে সাবেক সেনাসদস্যের লাশ



প্রতিবেদক: সুনামগঞ্জ প্রতিনিধি

প্রকাশের তারিখ: শুক্রবার, ০৯ অক্টোবর ২০২৬, ০৫:৫৯ PM



নেত্রকোণা মোহনগঞ্জে কংস নদের পাড়ের জঙ্গলে একটি গাছের মগডালে হেলান দেওয়া অবস্থায় ফজলুল রহিম কাজল (৫৫) নামে সাবেক এক সেনাসদস্যের লাশ উদ্ধার করেছে পুলিশ।

নিখোঁজ হওয়ার দুই দিন পর শুক্রবার সকালে উপজেলার বিরামপুর গ্রাম থেকে তাঁর লাশ উদ্ধার করা হয়। গলায় রশি লাগানো অবস্থায় লাশটি পাওয়া গেলেও এটি হত্যা নাকি আত্মহত্যা, তা নিয়ে তৈরি হয়েছে রহস্য।

নিহত ফজলুল রহিম কাজল সুনামগঞ্জের ধর্মপাশা উপজেলার কাকিয়াম গ্রামের বাসিন্দা। তাঁর বাবার নাম মৃত জবান আলী। দুই বছর আগে সেনাবাহিনী থেকে অবসরে যাওয়ার পর তিনি নিজ উপজেলায় একটি সৌরবিদ্যুৎ প্রকল্পে হিসাবরক্ষক হিসেবে কর্মরত ছিলেন।

পরিবারের সদস্যরা জানান, গত ৭ অক্টোবর সকালে প্রকল্পের টাকা তুলতে ব্যাংকে যাওয়ার কথা বলে বাড়ি থেকে বের হন কাজল। এরপর থেকে তাঁর আর কোনো খোঁজ পাওয়া যাচ্ছিল না। তিনি ব্যাংক থেকে টাকা তুলেছিলেন কি না, তা-ও নিশ্চিত হতে পারেনি পরিবার।

স্থানীয় সূত্রে জানা যায়, শুক্রবার সকাল আটটার দিকে এক ব্যক্তি কংস নদের পাড়ের জঙ্গলে গরু চরাতে গিয়ে পচা গন্ধ পান। পরে গন্ধের উৎস খুঁজতে গিয়ে একটি গাছের মগডালে হেলান দেওয়া অবস্থায় কাজলের লাশ দেখতে পান তিনি। খবর ছড়িয়ে পড়লে স্থানীয় লোকজন সেখানে জড়ো হন। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে।

নিহতের বড় ভাই ফজলুল করিম বুলবুল বলেন, গত ৭ অক্টোবর সকালে ব্যাংক থেকে টাকা তোলার জন্য বাড়ি থেকে বের হয় কাজল। এরপর থেকে তার কোনো খোঁজ পাওয়া যাচ্ছিল না। সে টাকা তুলেছিল কি না, তা-ও জানা যায়নি। এটি কোনো আত্মহত্যা নয়, পরিকল্পিত হত্যাকাণ্ড বলে আমাদের ধারণা। তার লাশ গাছের ডালে হেলান দেওয়া অবস্থায় ছিল, বুলন্ত অবস্থায় নয়। আমরা এ ঘটনার বিচার চাই।

মোহনগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হাফিজুল ইসলাম হারুন বলেন, লাশের শরীরে তেমন কোনো আঘাতের চিহ্ন নেই। পরনের জামাকাপড়ও খুব একটা এলোমেলো নয়। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠানো হচ্ছে। ময়নাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।

এ বিভাগের আরও খবর



ব্রাহ্মণবাড়িয়ায় অসহায় মানুষের জন্য ছানী রোগী বাছাই ক্যাম্প
ভাচ বাংলা ব্যাংক এর অর্থায়নে ও স্বাধীন বাংলা চমু হাসপাতালের সার্বিক ব্যবস্থাপনায় অক্সাইল - পাকিস্তান ইউনিয়ন সংঘ এর উদ্যোগে একদিনের জন্য ছানী...



লক্ষণশ্রী ইউপি চেয়ারম্যান পদে প্রার্থী হতে চান মুফতি ত্বাহা
আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন সামনে রেখে সুনামগঞ্জ সদর উপজেলার ৭ নম্বর লক্ষণশ্রী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে সম্ভাব্য প্রার্থী হিসেবে আবেদান...



কুমিল্লায় স্থলহাতিকে ধর্ষণের পর হত্যার অভিযোগ, চালক হেণ্ডার
কুমিল্লা নগরীর রেসকোর্স এলাকার সন্তম শ্রেণির শিক্ষার্থী জাম্মাতুল তাজমিনকে সিএনজিচালিত অটোরিকশায় তুলে নির্জন স্থানে নিয়ে
ধর্ষণের পর স্থানরোধ...



ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশের পিকআপ ভ্যান খাদে পড়ে আসামিসহ আহত ৫
ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগরে নিয়ন্ত্রণ হারিয়ে পুলিশের একটি পিকআপ ভ্যান খাদে পড়ে তিন পুলিশ সদস্য ও দুই আসামিসহ পাঁচজন
আহত হয়েছেন। শুক্রবার (৯ অক্টোবর)...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/nikhonjer-dui-din-pr-gachher-mgdale-sabek-senasdsjer-lash>